দামুড়হুদায় দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে বাগান কেটে দিল দুর্বৃত্তরা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় এক হতদরিদ্র কৃষকের দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে বাগান রাতের আঁধারে কেটে নষ্ট করে দিয়েছে দুর্বৃত্তরা। এতে প্রায় ৪ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি ভুক্তভোগীর।

ভুক্তভোগী কৃষক ইসরাফিল হোসেন (৫৪) গোবিন্দপুর গ্রামের মৃত বরকত মন্ডলের ছেলে। তিনি উপজেলার গোবিন্দপুর নিমতলা ও বড়গালা মাঠে লিজ নেওয়া জমিতে পেঁপে চাষ করে জীবিকা নির্বাহ করতেন।

জানা গেছে, উপজেলার হাউলী ইউনিয়নের গোবিন্দপুর নিমতলা মাঠে ১০ কাঠা এবং বড়গালা মাঠে ১ বিঘা মোট দেড় বিঘা জমিতে ছিল তার স্বপ্নের পেঁপে বাগান। নিজের কোনো আবাদি জমি না থাকায় অন্যের জমি লিজ নিয়ে এই চাষাবাদ করছিলেন তিনি।

ইসরাফিল জানান, গত শনিবার বিকাল ৫টার দিকে তিনি বাগান ঘুরে দেখেন, তখন সবকিছু স্বাভাবিক ছিল। কিন্তু পরদিন রবিবার সকাল ৭টার দিকে স্থানীয়দের মাধ্যমে খবর পান, তার পুরো পেঁপে বাগান কেটে নষ্ট করে দেওয়া হয়েছে। ঘটনাস্থলে গিয়ে তিনি দেখেন, ফলন্ত গাছগুলো নির্মমভাবে কেটে ফেলে দেওয়া হয়েছে।

তিনি আরও বলেন, “আমার চারটা ছেলে-মেয়ে, ভিটে ছাড়া কোনো জমি নেই। জমি লিজ নিয়ে চাষ করি। এখন আমার কী হবে? আমি কী করব? সব শেষ হয়ে গেল।”

ভুক্তভোগীর অভিযোগ, এটি একটি পরিকল্পিত ঘটনা। এর আগেও তার ভুট্টা ক্ষেত কেটে নেওয়ার ঘটনা ঘটেছে এবং গ্রামের মানুষ জানে কারা করেছে। তিনি দাবি করেন, এলাকার কিছু প্রভাবশালী ব্যক্তি চান না গরিব মানুষ স্বাবলম্বী হোক। ফলে বারবার এ ধরনের ঘটনার শিকার হচ্ছেন তিনি। শুধু তিনি নন, আরও গরিব কৃষকের জমির ফসল এভাবে নষ্ট করা হয়, কিন্তু কেউ বিচার পান না।

এ ঘটনায় এলাকায় চরম ক্ষোভ ও উদ্বেগ বিরাজ করছে। স্থানীয়রা দ্রুত

দোষীদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন। ভুক্তভোগী কৃষক ইসরাফিল হোসেন জানান, তিনি এ বিষয়ে থানায় লিখিত অভিযোগ করেছেন এবং প্রশাসনের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, “এ বিষয়ে একটি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।”

দামুড়হুদায় শত্রুতামূলক ফলন্ত ভুট্টার গাছ কর্তন

দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদের শত্রুতামূলক এক বিঘা ভুট্টার গাছ কর্তন করেছে। গতকাল মঙ্গলবার দিবাগত রাতে কে বা কাহারা এক বিঘা জমির ভুট্টা গাছ কলা গাছ টেনে ভেঙে দিয়েছে।

জানা যায়, দামুড়হুদা উপজেলার রঘুনাথপুর গ্রামের আব্দুল ওয়াহেদ লোক মারফত শুনতে পারে যে তার শত্রুতামূলক কে বা কাহারা এক বিঘা জমির ফলন্ত ভুট্টার গাছ কলা গাছ টেনে ভেঙ্গে দিয়েছে। পরে সে জমিতে গিয়ে দেখে এক বিঘাা জমির সব ভুট্টা গাছ মাটিতে লুটিয়ে পড়েছে।এই দৃশ্য দেখে দিনমুজুর আব্দুল ওয়াহেদ মাথা হাত দিয়ে কান্নায় ভেঙ্গে পড়ে।

এসময় আব্দুল ওয়াহেদ কান্না জড়িত কন্ঠে বলতে থাকে আমি গরীব মানুষ বিভিন্ন জায়গায় ধার দেনা করে পরের জমি লিজ নিয়ে এই ভুট্টা চাষ করেছি।আর আমার এত বড় ক্ষতি করে দিল। আমি এ বিচায় আল্লার হাতে ছেড়ে দিলাম। আল্লাহ এ বিচার করবে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমি এমন ঘটনা শুনেছি। আসলে এই ধরনের ঘটনা খুব দুঃখজনক। একটি লিখিত অভিযোগ দিলে কৃষি প্রণোদনা দিয়ে সহায়তা করা হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার উবাইদুর রহমান সাহেল বলেন,

আসলে এ ধরনের ঘটনা খুবই দুঃখজনক ঘটনা।

দামুড়হুদায় পূর্ব শত্রুতার জেরে দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে গাছ কর্তন

দামুড়হুদা উপজেলার কোষাঘাটা গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে রাতের আধারে দেড় বিঘা জমির ফলন্ত পেঁপে গাছ কেটে দিয়েছে দূর্বৃত্তরা। এই ঘটনায় জাফর ইকবল মিল্টন বাদি হয়ে ৪ জনের নাম উল্লেখ করে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে।

গত মঙ্গলবার রাতের আধারে কোষাঘাটা জিয়াখালির মাঠে দেড় বিঘা জমির পেঁপে গাছ কেটে দেয়। সরেজমিনে গিয়ে ও অভিযোগ সূত্রে জানা যায়, দামুড়হুদা উপজেলার কোষাঘাটা গ্রামের তমিজ উদ্দিনের ছেলে জাফর ইকবাল ওরফে মিলটনের জিয়াখালী নামক মাঠে দেড় বিঘা জমি রয়েছে। উক্ত জমিতে চাষকৃত ফলন্ত পেঁপে গাছ কেটে দেই শত্রুতামূলক। সকালে মিল্টন পেপের জমিতে গিয়ে দেখে সব পেঁপে গাছ কাটা। এমতাবস্থায় দিশে মিশে না পেয়ে জাফর ইকবল বাদি হয়ে কোষাঘাটা গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে মিলন হোসেন, ইয়াছনবি মন্ডল এর ছেলে আবুল কাসেম মন্ডল, আবুল কাশেমের ছেলে পারভেজ হোসেন ও নবীছদ্দীনের ছেলে দেলোয়ার হোসেনসহ অজ্ঞাত ১০ জনের নাম উল্লেখ করে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে।

জাফর ইকবল মিল্টন বলেন, উল্লেখিত ব্যক্তিদের সাথে আমাদের বিরোধ চলিয়া আসিতেছে। উক্ত বিরোধের কারণে কিছুদিন যাবৎ তারা আমার ও আমার পরিবারের লোকজনদের বিভিন্ন ধরনের হুমকী দিয়া আসিতেছিল। ইতিপূর্বে তারা আমাদের বলেছিল সময় মত তাহারা আমাদের জমির ও জমিতে থাকা ফসলের ব্যবস্থা করে দিবে। গত ৬০ বছর যাবৎ উক্ত জমিতে আমরা চাষাবাদ করে ভোগ দখল করে আসছি।

বর্তমানে ঐ জমিতে পেঁপে গাছ লাগানো আছে। আমরা অনেক কষ্ট করে

আমাদের জমিতে পেঁপে চাষ করেছিলাম। আমাদের জমিতে বর্তমানে পেঁপে গাছে ফল ভরপুর অবস্থায় ছিল। উল্লেখীত ব্যক্তিরা বিরোধের জের ধরে তাহাদের পূর্ব পরিকল্পিতভাবে ধারালো দেশীয় অস্ত্র হাসুয়া ও দা নিয়ে সজ্জিত হইয়া আমার পেঁপে গাছ কেটে দিয়েছে। ফলসহ পেঁপে গাছ আমার আনুমানিক সাড়ে ৩ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। আমি এই ক্ষতির বিচার চাই।

দামুড়হুদা মডেল থানার এস আই রাসেদ বলেন, পেপে গাছ কাটা মর্মে একটি অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করা হবে।